

সোনালী ব্যাংক লিমিটেড
সংস্থাপন ও প্রকৌশল বিভাগ
প্রকৌশল ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়, ঢাকা।

নং-এসবিএল/এইচও/ইইডি/ইডি/নিলাম(যান্ত্রিক)/১২২


তারিখঃ ২৯/১২/২০১৬ ইং

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা আত্মহী নিলাম গ্রহীতাদের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে নিম্নোক্ত মালামাল বিক্রির জন্য দরপত্র আহ্বান করা যাচ্ছে।

নিলাম কাজের নামঃ সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় ভবনের বেইসমেন্ট ফ্লোরে অবস্থিত প্রকৌশল ডিপার্টমেন্টের যান্ত্রিক গুদামে ও প্রকৌশল ডিপার্টমেন্টে রক্ষিত পুরাতন/অকেজো এবং ব্যবহার অযোগ্য জেনারেটর, এয়ারকুলার ও অন্যান্য যান্ত্রিক সামগ্রী নিলামে বিক্রয়।

১. মালামাল সমূহ আগামী ১১/০১/২০১৭ ইং তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত অত্র বিভাগে যোগাযোগ করলে দেখা যাবে (যদি কেহ দেখতে চান)।
২. নিলাম দরপত্র ডকুমেন্ট আগামী ১১/০১/২০১৭ ইং তারিখ পর্যন্ত প্রত্যহ অফিস চলাচলীন সময়ে টাকা=২০০০/- (দুই হাজার) নগদ মূল্যে (অফেরৎ যোগ্য) নিম্নস্বাক্ষরকারীর নিকট হতে সংগ্রহ করা যাবে।
৩. নিলাম দরপত্র সমূহ আগামী ১২/০১/২০১৭ ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত সংস্থাপন ও প্রকৌশল বিভাগে রক্ষিত ৬ষ্ঠ তলায় অথবা সোনালী ব্যাংক লিমিটেড, ঢাকা ক্যান্টনমেন্ট শাখার নির্ধারিত বাস্তব গ্রহণ করা হবে। একই দিন বিকাল ৪.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) নিলাম দরপত্র খোলা হবে।
৪. নিলাম অংশগ্রহণকারী দরদাতাগণকে আর্নেস্টম্যানি হিসাবে নিলাম দরপত্রের সাথে অগ্রাধিকার ভিত্তিতে সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে ডেপুটি জেনারেল ম্যানেজার, সংস্থাপন ও প্রকৌশল বিভাগ, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এর অনুকূলে টাকা=৫০,০০০/- (পঞ্চাশ হাজার) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে অবশ্যই দাখিল করতে হবে, যা ব্যতিরেকে নিলাম দরপত্র বাতিল বলে গণ্য হবে। প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন শেষে কৃতকার্য দরদাতা ছাড়া অন্যান্যদের আর্নেস্টম্যানি ফেরৎ দেয়া হবে।
৫. নিলাম দরপত্রের উদ্ধৃত মূল্য ব্যাংক কর্তৃক গ্রহণযোগ্য হলে কার্যাদেশ জারীর ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে সরকারী নিয়ম অনুযায়ী সরকারী কোষাগারে উৎসকর হিসাবে অতিরিক্ত আরও ৫% অগ্রীম আয়কর ও ৪% অগ্রীম ভ্যাট প্রদান/জমা দিতে হবে এবং আর্নেস্টম্যানি বাদ দিয়ে অবশিষ্ট সমুদয় অর্থ পরিশোধ করতঃ পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিলাম গ্রহীতার নিজ দায়িত্বে সম্পূর্ণ মালামাল সমূহের সরবরাহ নিতে হবে। সম্পূর্ণ পাওনা নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে নিলাম দরপত্রের সাথে দাখিলকৃত আর্নেস্টম্যানি বাজেয়াপ্ত হিসাবে গণ্য হবে।
৬. অন্যান্য শর্তাবলীঃ
 - ক. নিলামে অংশগ্রহণেচ্ছুক প্রতিষ্ঠান তাদের নিজস্ব প্যাডে আবেদনের মাধ্যমে নিলাম দরপত্র দলিল ক্রয় করতে পারবেন।
 - খ. নিলাম দরপত্রের প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠানের সীল সহকারে মূল মালিক/প্রতিনিধির স্বাক্ষর থাকতে হবে।
 - গ. নিলাম দরপত্রটি প্রতিষ্ঠানের প্যাডে ফরয়ার্ডিং এর মাধ্যমে সীল মোহরকৃত খামের মধ্যে জমা দিতে হবে।
 - ঘ. সীল মোহরকৃত খামের উপর কাজের নাম বড় করে লিখতে হবে।
 - ঙ. প্রকৃত গননায় মালামালের সংখ্যা বেশী হলে গুদামে জমা থাকবে। কোনোভাবেই নিলাম দরপত্রে উল্লেখিত মালামালের অতিরিক্ত কোনো মালামাল সরবরাহ নেয়া যাবে না।
 - চ. নিলাম বিক্রয় কাজের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/প্রকৌশলী/সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তা গণের উপস্থিতিতে নিলাম গ্রহণকারী প্রতিষ্ঠানকে নিজ খরচে মালামাল সমূহ গননা করে সরবরাহ নিতে হবে।
৭. কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই সকল নিলাম দরপত্র বাতিল অথবা যে কোনো নিলাম দরপত্র আংশিক বা সম্পূর্ণ ভাবে গ্রহণের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


(মোঃ আনোয়ার ইকবাল)

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার